চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Chittagong University of Engineering & Technology (CUET)

Website: http://web.cuet.ac.bd/admission2017

Or

http://www.cuet.ac.bd/admission

ভর্তি পরীক্ষা

শিক্ষাবর্ষ ঃ ২০১৭-১৮

Admission Test

Session: 2017-18

ভর্তি নির্দেশিকা

(Admission Prospectus)

২০১৭-১৮ শিক্ষাবর্ষের লেভেল-১ স্নাতক কোর্সে ভর্তি বিষয়ক তথ্যাবলী

১। উপক্রমনিকাঃ

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল, তড়িৎ ও কম্পিউটার কৌশল ও যন্ত্রকৌশল অনুষদের বিভাগ সমূহে ৪ বছর মেয়াদী এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ৪ বছর মেয়াদী এবং স্থাপত্য বিভাগে ৫ বছর মেয়াদী লেভেল-১ স্নাতক কোর্সে **২০১৭-১৮** শিক্ষাবর্ষে ভর্তির জন্য ০১ নভেম্বর **২০১৭** খ্রিঃ তারিখ বুধবার সকাল **১০:০০** ঘটিকায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। শুধুমাত্র ভর্তি পরীক্ষায় প্রার্থীর প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রস্তুতকৃত মেধাস্থান অনুসারেই প্রার্থীর আসন প্রাপ্তি নির্ধারণ করা হবে।

২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের যোগ্যতাঃ

ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে ২০১৭ ইং সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় পাশ হতে হবে অথবা ২০১৬ইং সালের সেপ্টেম্বরের পরে **A** লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।

গ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে ২০১৪ অথবা ২০১৫ সালের মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ পেয়ে পাশ হতে হবে অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঘ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক/আলীম/সমমানের পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন ও ইংরেজি এ চার বিষয়ে কমপক্ষে মোট জিপি ১৮.৫০ ও ইংরেজী মাধ্যম/বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উক্ত বিষয়সমূহে কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঙ) প্রার্থী **GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য GCE 'O' লেভেল পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজীসহ কমপক্ষে পাঁচটি পেপারে নূন্যতম B গ্রেড পেয়ে পাশ হতে হবে। GCE 'A'' লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিতে পৃথক পৃথকভাবে কমপক্ষে B গ্রেড পেয়ে পাশ হতে হবে।**

চ) রাখাইন ও উপজাতীয়দের সংরক্ষিত আসনে আবেদনের জন্য ১৩ অনুচ্ছেদ দ্রষ্টব্য।

৩। ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচীঃ

(ক) বিশ্ববিদ্যালয়ের চারটি অনুষদের বিভিন্ন বিভাগের জন্য নিম্নলিখিত দু'টি গ্রুপ (KA ও KHA) এর একই দিনে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গ্রুপ "ক": ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ।

গ্রুপ "খ": ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ।

ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচী নিম্নরূপঃ

বিভাগ	বিষয়	পাঠ্যসূচী
গ্রুপ **"ক"** ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	গণিত	২০১৭ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার পাঠ্যসূচী
	পদার্থ বিজ্ঞান	
	রসায়ন	
গ্রুপ **"খ"** ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ	গণিত	২০১৭ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার পাঠ্যসূচী
	পদার্থ বিজ্ঞান	
	রসায়ন	
	মুক্তহস্ত অংকন (Free-hand Drawing)-শুধুমাত্র স্থাপত্য বিভাগে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের জন্য প্রযোজ্য।	

(খ) "ক" গ্রুপের জন্য মোট ৬০০ নম্বরের ভর্তি পরীক্ষা এবং "খ" গ্রুপের জন্য মোট ১০০০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রত্যেক গ্রুপের পরীক্ষার বিষয় এবং বিষয়সমূহের পূর্ণমান নিম্নবর্ণিত ছকে দেয়া হলো।

গ্রুপ "ক"	গ্রুপ "খ"	লিখিত পরীক্ষার নম্বর
গণিত	গণিত	২০০
পদার্থ বিজ্ঞান	পদার্থ বিজ্ঞান	২০০
রসায়ন	রসায়ন	২০০
-	মুক্তহস্ত অংকন	৪০০
মোট নম্বর = ৬০০	মোট নম্বর = ১০০০	

৪। ভর্তির সর্বনিম্ন যোগ্যতাঃ

শুধুমাত্র ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভর্তিযোগ্য প্রার্থীর মেধা তালিকা তৈরী করা হবে। প্রার্থীদের মেধাস্থান অনুসারে ভর্তিযোগ্য প্রার্থীদের তিনটি ইঞ্জিনিয়ারিং অনুষদের বিভিন্ন বিভাগ এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য অভিন্ন একটি তালিকা এবং স্থাপত্য বিভাগের জন্য পৃথক একটি তালিকা প্রকাশ করা হবে। একাধিক প্রার্থী ভর্তি পরীক্ষায় একই মোট নম্বর পেলে সে ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য ভর্তি পরীক্ষায় ক্রমানুসারে গণিত, পদার্থ বিজ্ঞান এবং রসায়নে প্রাপ্ত নম্বরের এবং স্থাপত্য বিভাগের জন্য ভর্তি পরীক্ষায় ক্রমানুসারে মুক্তহস্ত অংকন, গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়নে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের মেধাস্থান নির্ধারণ করা হবে। উল্লেখ্য যে, 'ক' গ্রুপের প্রার্থীদের লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর মোট নম্বরের ন্যূনতম ৩৫% হলে ভর্তির যোগ্যতা অর্জন করেছে বলে বিবেচিত হবে এবং স্থাপত্য

বিভাগে ভর্তির যোগ্যতা অর্জনের জন্য প্রার্থীকে লিখিত পরীক্ষায় ন্যূনতম ৩৫% এবং মুক্তহস্ত অংকনে আলাদাভাবে ন্যূনতম ৩০% নম্বর পেতে হবে। উপজাতীয়দের ক্ষেত্রে ভর্তিযোগ্য প্রার্থীদের আলাদা একটি তালিকা প্রকাশ করা হবে।

৫। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের নিয়মাবলী (দেশের শিক্ষাবোর্ড থেকে পাশকৃতদের জন্য)ঃ

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম কেবলমাত্র অনলাইনে পূরণ করা যাবে এবং আবেদন ফি ডাচ্-বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করতে হবে। কোন ছাপানো ফরম বিক্রয় করা হবে না এবং ডাচ্-বাংলা মোবাইল ব্যাংকিং ব্যতীত অন্য কোন মাধ্যমে আবেদন ফি গ্রহণযোগ্য হবে না।

পরীক্ষায় অংশগ্রহণের আবেদনের জন্য নিম্নলিখিত ধাপ গুলো অনুসরণ করতে হবে ঃ

ধাপ ১ ঃ অনলাইনে আবেদন ফরম পূরণ

- http://web.cuet.ac.bd/admission2017/registration.php অথবা http://www.cuet.ac.bd/admission এ প্রবেশ করতে হবে।
- ২) SSC এবং HSC এর Board/Institute, Passing Year, Roll No এবং Registration No.পূরণের পর Next বাটনে প্রেস করতে হবে।

- আবেদনকারীকে গ্রুপ সিলেক্ট করে Next বাটনে প্রেস করতে হবে।

- Mobile No, Email, Address এবং Quota (যদি থাকে) পূরণের পর Next বাটনে প্রেস করতে হবে।

- সকল তথ্য সঠিক থাকলে Next বাটনে প্রেস করতে হবে। অন্যথায় Edit Information এ ক্লিক করে তথ্য Edit করা যাবে।



- নির্দেশ মতে, আবেদনকারীর ছবি এবং স্বাক্ষর Upload করার পর Submit & Print এ ক্লিক করতে হবে।



- রেজিস্ট্রেশন সম্পূর্ণ হওয়ার পরে Download Application Form এ ক্লিক করতে হবে।

- নিম্নোক্ত পেজটি ডাউনলোড করে সংরক্ষণ করতে হবে।



Admission Test 2017-18

Chittagong University of Engineering & Technology (CUET)

Admission Date : November 01, 2017

Application Form

Applicant Name : ARIF AHMED

Father Name : JALAL AHMED

Mother Name : PARVIN AKTER

Group : KA

Quota : None

Application ID (Bill No) : 68

Mobile No : 01717123456

** This form is not transferable. Please preserve it for future use.

ধাপ ২ ঃ আবেদন ফি পরিশোধের নিয়ম

আবেদনকারী নিজস্ব ডাচ্-বাংলা ব্যাংকের মোবাইল একাউন্ট থেকে অথবা ডাচ্-বাংলা ব্যাংকের অনুমোদিত যেকোন Agent Point থেকে আবেদন ফি পরিশোধ করতে পারবে। নিম্নলিখিত ধাপসমূহ অনুসরণ করে ডাচ্-বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নির্ধারিত আবেদন ফি (গ্রুপ-'ক' ঃ ৯০০/- এবং গ্রুপ-'খ' ঃ ১০০০/-) পরিশোধ করতে হবে।

- ডাচ্-বাংলা মোবাইল ব্যাংকিং একাউন্ট থেকে *৩২২# ডায়াল করতে হবে।
- মেনু থেকে ১ সিলেক্ট করে পেমেন্ট অপশন অনুসরণ করতে হবে।
- আবার ১ সিলেক্ট করে বিল পেমেন্ট অপশনে যেতে হবে।
- চুয়েটের বিলার আইডি হিসাবে ২৪৬ টাইপ করতে হবে।
- অনলাইনে আবেদনপত্র পূরণ করার সময় প্রাপ্ত নির্ধারিত Application ID নম্বর টাইপ করতে হবে।

- বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি (গ্রুপ-'ক' ঃ ৯০০/- এবং গ্রুপ-'খ' ঃ ১০০০/-) টাইপ করতে হবে।
- মোবাইল একাউন্টের নির্ধারিত পিন প্রদান করতে হবে।
- সফল পেমেন্টের SMS হতে Transaction ID টি সংরক্ষণ করতে হবে।

আবেদন ফি পরিশোধের পরে http://web.cuet.ac.bd/admission2017 অথবা http://www.cuet.ac.bd/admission ওয়েবসাইটে পুনরায় প্রবেশ করতে হবে।

- অতঃপর Page টির Payment মেনুতে প্রবেশ করতে হবে।



- Application ID এবং Transaction ID (মোবাইলে প্রাপ্ত TNX ID) পূরণ করে Next button এ click করতে হবে।



- সফলভাবে আবেদন সম্পন্ন হলে Web Browser এ **“Your Application has been successfully submitted”** দেখা যাবে।

- ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশের পর প্রবেশপত্র **(Admit Card)** পাওয়া যাবে।

ধাপ ৩ ঃ প্রবেশপত্র সংগ্রহ করার পদ্ধতি ঃ

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশের পর যোগ্য আবেদনকারীকে http://web.cuet.ac.bd/admission2017/admitcard.php অথবা http://www.cuet.ac.bd/admission ওয়েবসাইটে গিয়ে “Admit Card” Menuতে click করতে হবে।



- Application ID ও HSC Registration No দিয়ে Submit button এ click করলে ভর্তি পরীক্ষার **Admit Card** এর PDF versionটি প্রদর্শিত হবে। উক্ত **Admit Card**টি A4 সাইজের সাদা কাগজে প্রিন্ট নিতে হবে। **Admit Card ব্যতীত কোন আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

৬। বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে পাশ করা এবং GCE “O”/“A” লেভেল পাশ করা ছাত্র-ছাত্রীরা অনলাইন এর মাধ্যমে আবেদন করতে পারবে না। তারা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**http://web.cuet.ac.bd/admission2017** অথবা **http://www. cuet.ac.bd/admission**) থেকে আবেদন ফরম ডাউনলোড করে নির্ধারিত ফি সভাপতি, ভর্তি কমিটি, সোনালী ব্যাংক লিমিটেড, সিইউইটি শাখা, চট্টগ্রাম এর অনুকুলে ডিমান্ড ড্রাফ্ট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করে রেজিস্ট্রার, চুয়েট, রাউজান, চট্টগ্রাম-৪৩৪৯ ঠিকানায় জমা দিতে পারবে।

৭। সকল পরীক্ষার্থী চুয়েট ওয়েবসাইট (http://web.cuet.ac.bd/admission2017 অথবা http://www.cuet.ac.bd/admission) হতে ভর্তি নির্দেশিকা ২০১৭-১৮ ডাউনলোড করে নিতে পারবে। ভর্তি নির্দেশিকায় উল্লিখিত নিয়মাবলী ছাত্র-ছাত্রীদেরকে অনুসরণ করতে হবে। ভর্তি বিজ্ঞপ্তি/ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই, ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে অনুচ্ছেদ-৯ এ বর্ণিত রেজিস্ট্রার অফিসের মোবাইল নম্বরসমূহে যোগাযোগ করতে হবে। ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যে কোন ধারা ও উপ-ধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৮। ভর্তির আবেদনপত্র সংগ্রহ ও জমা দেয়ার নিয়মাবলী (বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে পাশকৃতদের জন্য)ঃ

(ক) সংশ্লিষ্ট গ্রুপের জন্য আবেদনপত্র ওয়েবসাইট থেকে ডাউনলোড করে (৯০ গ্রাম সাদা কাগজে) পূরণ করে জমা দিতে হবে এবং একই সঙ্গে সভাপতি, ভর্তি কমিটি, সোনালী ব্যাংক, সিইউইটি শাখার অনূকুলে নির্ধারিত টাকার ড্রাফ্‌ট জমা দিতে হবে।

গ্রুপ	বিভাগ	ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফিস
"ক"	ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	৯০০/- (নয়শত টাকা মাত্র)
"খ"	ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ	১,০০০/- (এক হাজার টাকা মাত্র)

(খ) পূরণকৃত আবেদনপত্রটি নিম্নলিখিত দলিলপত্রাদিসহ নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের একাডেমিক শাখার কাউন্টারে জমা দিয়ে প্রাপ্তি স্বীকার রশিদ গ্রহণ করতে হবে।

(I) মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল গ্রেডসীটের সত্যায়িত কপি।

(II) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল গ্রেডসীটের সত্যায়িত কপি।

(III) প্রার্থীর তিন কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি।

৯। ভর্তি পরীক্ষার যোগ্য প্রার্থী নির্ধারণঃ

ক) নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইনে প্রাপ্ত আবেদনপত্র এবং 'A' লেভেল ও বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে পাশকৃতদের আবেদনপত্রের মধ্য থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী এই চার বিষয়ে প্রাপ্ত মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে একটি মেধা তালিকা তৈরী করা হবে। এই মেধা তালিকা হতে প্রথম 10000তম (দশ হাজার তম) যোগ্য প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। তবে, 10000তম স্থানে একাধিক প্রার্থী থাকলে ক্রমানুসারে গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজি বিষয়ে HSC তে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভর্তি পরীক্ষার জন্য যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। সেক্ষেত্রে HSC তে গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজিতে একই নম্বর প্রাপ্ত 10000তম স্থানের সকল প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

খ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের পূর্ণ তালিকা বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে ও বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (http://web.cuet.ac.bd/admission2017 অথবা http://www.cuet.ac.bd/admission) দেয়া হবে। প্রার্থী নিজ দায়িত্বে তা জেনে নেবে।

দ্রষ্টব্য ঃ

অনলাইন পদ্ধতিতে আবেদনের সময় বিশেষ সর্তকতা অবলম্বন এবং নির্দেশনাসমূহ ভালোভাবে অনুসরণ করার জন্য পরামর্শ দেয়া হল।

(I) নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে যে কোন সময় অনলাইন পদ্ধতিতে আবেদন করা যাবে।

(II) একবার অনলাইন পদ্ধতিতে আবেদন করলে কোন ধরনের পরিবর্তন কিংবা তা প্রত্যাহার করা যাবে না এবং কোন টাকা ফেরৎ দেয়া হবে না।

(III) আবেদন ফি পরিশোধ সংক্রান্ত কোন সমস্যার সম্মুখীন হলে ডাচ বাংলা ব্যাংকের **Call Center–১৬২১৬ নম্বরে সার্বক্ষণিক** যোগাযোগ করা যেতে পারে।

(IV) আবেদনে ব্যবহৃত রঙ্গিন ছবির এক কপি (সত্যায়িত) ভর্তি পরীক্ষার দিন পরীক্ষার হলে নিয়ে আসতে হবে।

(V) প্রবেশপত্র ছাড়া কাউকেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

(VI) ভর্তি সংক্রান্ত সাধারণ যোগাযোগের জন্য রেজিস্ট্রার অফিসের নিম্নের যে কোন নম্বরে অফিস সময়ে যোগাযোগ করা যেতে পারে।

১. মোবাইল নম্বর 01759123148 ২. মোবাইল নম্বর 01759123103

১০। ভর্তি পরীক্ষা গ্রহণের নিয়মাবলীঃ

ক) ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়ন [ক্রমিক নং-৩(ক) এ বর্ণিত] পাঠ্যসূচীর উপর ভিত্তি করে নিম্নোক্ত সময়সূচী মোতাবেক শুধুমাত্র একটি লিখিত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং MCQ পদ্ধতির কোন প্রশ্ন থাকবে না।

"ক" গ্রুপ এবং "খ" গ্রুপ	গণিত,পদার্থ বিজ্ঞান এবং রসায়ন	০১ নভেম্বর ২০১৭ খ্রিঃ সকাল ১০:০০ ঘটিকা থেকে ০১:০০ ঘটিকা।
"খ" গ্রুপ	মুক্তহস্ত অংকন	০১ নভেম্বর ২০১৭ খ্রিঃ বিকাল ২:৩০ মিনিট থেকে ৪:৩০ মিনিট পর্যন্ত।

খ) (I) মোবাইল ফোন, জ্যামিতি বক্স, পেন্সিল বক্স, স্কেল, সেট স্কয়ার, কম্পাস ও কোন প্রকার ব্যাগ নিয়ে পরীক্ষার কক্ষে প্রবেশ করা যাবে না।

(II) শুধুমাত্র কালো কালির কলম/বলপেন দিয়ে উত্তরপত্রের নির্ধারিত স্থানে উত্তর দিতে হবে।

(III) ভর্তি পরীক্ষার সময় কেবলমাত্র বলপেন, পেন্সিল, ইরেজার (eraser) আনা যাবে। তবে কোন প্রকার Programmable ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। **শুধুমাত্র নিম্নবর্নিত ছকে উল্লেখিত মডেলের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।**

List of Acceptable Calculators during Admission Test

CANON	F200	F401	F402	F500	F501	F502
	F601	F602	F604	F612	F720	
CASIO	FX82 SUPER	FX82MS				
	FX100MS	FX100 ES	FX100 ES PLUS			
	FX115MS					
	FX570MS	FX570ES	FX570 ES PLUS	FX570W		
	FX911MS	FX911S				
	FX991D	FX991ES	FX991 ES PLUS	FX991H	FX991MS	
	FX992S	FX991EX				
SHARP	EL506L	EL506R	EL506V	EL509G	EL509L	EL509R
	EL509V	EL510R	EL520G	EL520L		
	EL531GH	EL531LH	EL531P	EL531RH	EL531V	EL531VB
	EL531VH	EL546G	EL546L	EL546R	EL546VA	
	EL553	EL556G	EL556L			
TEXAS INSTRUMENTS	BA REAL ESTATE	BA35SOLAR	BAIIPLUS			
	TI 25STAT	TI 30 Challenger	TI 30X	TI 30XA	TI 30X SOLAR	TI-30XIIS
	TI-30XIIB	TI 32 Xplorer PLUS	TI 34	TI 35X	TI 36 SOLAR	TI 36X SOLAR

১১। আবেদন গ্রহণ, ভর্তি পরীক্ষা, ভর্তি ইত্যাদির তারিখ ও সময়সূচীঃ

ক) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু	২১ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ
খ) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শেষ	০৩ অক্টোবর ২০১৭ খ্রিঃ বিকাল ৪:৩০টা পর্যন্ত
গ) "A" লেভেল ও বিদেশী শিক্ষা প্রতিষ্ঠানের প্রার্থীদের আবেদনপত্র গ্রহণ করার সময়	২১ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ হতে ০৩ অক্টোবর ২০১৭ খ্রিঃ প্রতি কার্যদিবসে সকাল ৯:০০ টা হতে বিকাল ৪:৩০টা পর্যন্ত
ঘ) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা জমাদানের শেষ তারিখ	০৪ অক্টোবর ২০১৭ খ্রিঃ বিকাল ৪.৩০ টা পর্যন্ত
ঙ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য	১৫ অক্টোবর ২০১৭ খ্রিঃ

প্রার্থীদের রোলসহ নামের তালিকা প্রকাশ	
চ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	০১ নভেম্বর ২০১৭ খ্রিঃ বুধবার সকাল ১০:০০ টা থেকে ০১:০০ টা; মোট ৩ ঘন্টা এবং মুক্তহস্ত অংকন একই দিন বিকাল ২:৩০টা থেকে ৪:৩০টা; মোট ২ ঘন্টা
ছ) মেধানুযায়ী ভর্তির জন্য নির্বাচিত এবং অপেক্ষমান প্রার্থীদের নামের তালিকা প্রকাশ।	১৬ নভেম্বর ২০১৭ খ্রিঃ

জ) ভর্তির তারিখ, ওরিয়েন্টেশন, ক্লাশ শুরুর তারিখ ও সময় এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট (**http://web.cuet.ac.bd/admission2017** অথবা **http://www.cuet.ac.bd/admission**) মারফত জানানো হবে। এর জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি বা ব্যক্তিগত চিঠি দেয়া হবে না।

বিঃ দ্রঃ

উপরোক্ত যে কোন বিষয়ে ভর্তিচ্ছু প্রার্থীকে এবং ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদেরকে আলাদাভাবে কোন চিঠি ইস্যু করা হবে না। ভর্তি ও আসন সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট (http://web.cuet.ac.bd/admission2017 অথবা http://www.cuet.ac.bd/admission) এ পাওয়া যাবে।

১২। আসন সংখ্যা ও মনোনয়নের নিয়মাবলী ঃ

ক) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রস্তুতকৃত সাধারণ প্রার্থীদের মেধা তালিকা থেকে প্রথম ৭০০ জন এবং উপজাতীয়দের মধ্য হতে মেধা অনুযায়ী ১১ জনসহ মোট ৭১১ জন প্রার্থীকে নিরীক্ষা কমিটি কর্তৃক সনদপত্রাদি নিরীক্ষা ও বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তা দ্বারা স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন সাপেক্ষে ভর্তির জন্য নির্বাচিত করা হবে।

খ) বিশ্ববিদ্যালয়ের ৪টি অনুষদের ১০টি বিভাগের এবং সংরক্ষিত আসনের আসন সংখ্যা নিম্নরূপঃ

অনুষদের নাম	বিভাগের নাম	আসন সংখ্যা	রাখাইন ও উপজাতীয়দের জন্য সংরক্ষিত	সর্বমোট আসন
Civil Engineering	Civil Engineering	১৩০	১১	
	Civil and Water Resources Engineering	৩০		
Mechanical Engineering	Mechanical Engineering	১৩০		
	Petroleum and Mining Engineering	৩০		
	Mechatronics and Industrial Engineering	৩০		
Electrical and Computer Engineering	Computer Science and Engineering	১৩০		
	Electrical and Electronic Engineering	১৩০		
	Electronics and Telecommunication Engineering	৩০		
Architecture and Planning	Urban and Regional Planning	৩০		
	Architecture	৩০		
	মোট	৭০০	১১	৭১১

* বিদেশী ছাত্র/ছাত্রী উক্ত আসন বণ্টনের আওতাভূক্ত নয়।

গ) ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রস্তুতকৃত মেধা তালিকার স্থান এবং পরবর্তীতে প্রার্থী প্রদত্ত পছন্দক্রমের ভিত্তিতে ভর্তির বিভাগ নির্ধারিত হবে। সংরক্ষিত আসনের প্রার্থীদের অনুচ্ছেদ ৪ এ বর্ণিত ন্যূনতম যোগ্যতা থাকতে হবে।

ঘ) উপজাতীয়দের সংরক্ষিত আসনের জন্য যোগ্যপ্রার্থীদের একটি পৃথক মেধাতালিকা প্রকাশ করা হবে। তবে প্রতি বিভাগে মেধাস্থান ও পছন্দ ক্রমানুসারে সর্বাধিক ২ (দুই) জনকে ভর্তি করা হবে।

ঙ) Limited number of foreign students can get admission through the Ministry of Foreign Affairs, Government of the People's Republic of Bangladesh. Detailed information, related to this catagory is available at the website **http://web.cuet.ac.bd/admission2017** or **www.cuet.ac.bd/admission.**

১৩। সংরক্ষিত আসনে ভর্তির নিয়মাবলীঃ

বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত আসন চট্টগ্রাম বিভাগের পার্বত্য জেলাসমূহের ও দেশের অন্যান্য জেলার উপজাতীয় এবং রাখাইন সম্প্রদায় এর জন্য সংরক্ষিত থাকবে। সংরক্ষিত আসনে প্রার্থীদের ভর্তির জন্য অনুচ্ছেদ-৪ এ বর্ণিত ন্যূনতম যোগ্যতা থাকতে হবে।

জেলা ভিত্তিক উপজাতীয়/অন্যান্য সংরক্ষিত আসন সংখ্যা		
পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার উপজাতীয় সম্প্রদায়	রাখাইন সম্প্রদায়	সংরক্ষিত মোট আসন
১০	১	১১

ইহা ছাড়া অন্য কোন ধরণের সংরক্ষিত আসন ভর্তির জন্য নির্ধারিত নেই।

১৪। ভর্তির নিয়মাবলী ঃ

ক) ভর্তির সময় জমা দিতে হবে ঃ

(I) সরবরাহকৃত পূরণ করা ফরম। প্রার্থীকে নিজে ফরম পূরণ করতে হবে এবং একবার পছন্দক্রম দিলে তা পরিবর্তন করা যাবে না।

(II) মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল / সাময়িক সনদপত্রের মূল কপি।

(III) মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডসীটের মূল কপি।

(IV) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডসীটের মূল কপি।

(V) উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষা পাশের সাময়িক সনদ/শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূল কপি।

(VI) উপজাতীয়দের জন্য উপজাতীয় সনদ পত্রের মূল কপি।

রাখাইন ও উপজাতীয় প্রার্থীদের বাংলাদেশের স্থায়ী বাসিন্দা এবং উপজাতীয়তার প্রমান স্বরূপ (১) যে কলেজ থেকে পাস করেছে সে কলেজের অধ্যক্ষ, (২) স্থানীয় পৌরসভা/ জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান এবং (৩) উপজাতীয় মোড়লের নিকট থেকে মোট ৩টি মূল সার্টিফিকেট দাখিল করতে হবে।

VII) সদ্য তোলা সত্যায়িত ২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

খ) প্রার্থীদের নিরীক্ষা কমিটি দ্বারা সনদপত্রের সত্যতা যাচাই এবং বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তা কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা করা হবে।

গ) স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমাণিত হলে রেজিস্ট্রারের অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ফিস জমা দিয়ে মূল গ্রেডসীট এবং মূল/সাময়িক সনদপত্রসমূহ অবশ্যই দুই বছরের জন্য জমা দিতে হবে। কেবলমাত্র ভর্তি বাতিলক্রমে দুই বছর উত্তীর্ণ হওয়ার পূর্বে উক্ত সনদপত্রাদি ফেরতযোগ্য।

ঘ) নির্বাচিত প্রার্থীদের ভর্তি ও ক্লাশ শুরু সংক্রান্ত তথ্যাবলী ও বিজ্ঞপ্তি জানানোর জন্য আলাদাভাবে কোন প্রকার চিঠি পাঠানো হবে না। প্রার্থী নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয় নোটিশ বোর্ড হতে ভর্তি ও পরবর্তীতে ক্লাশ শুরু সম্বন্ধে সকল তথ্য জেনে নেবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(http://web.cuet.ac.bd/admission2017** অথবা **http://www.cuet.ac.bd/ admission)** থেকেও এতদ্‌সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।

১৫। ভর্তি/ভর্তির যোগ্যতা বাতিল ঃ

ক) কোন ভুল তথ্য ছাত্রত্ব থাকাকালীন যে কোন সময় ধরা পড়লে এবং প্রমানিত হলে ভর্তি বাতিল হবে।

খ) নির্ধারিত দিনে সাক্ষাতকারের জন্য উপস্থিত না হলে ভর্তির যোগ্যতা থাকবে না।

গ) ভর্তির পর বিভাগ পরিবর্তনের সুযোগ নেই। তবে কোন বিভাগে আসন খালি হলে প্রার্থীর দেয়া পছন্দক্রম ও মেধা অনুসারে তা স্বয়ংক্রিয়ভাবে পূরণ করা হবে, সেক্ষেত্রে পছন্দ পরিবর্তনের কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

ঘ) নির্ধারিত ফি' প্রদান করে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী নিজে উপস্থিত থেকে ভর্তি বাতিলের আবেদন করতে পারবে। অভিভাবক বা অন্যকারো মাধ্যমে ভর্তি বাতিলের সুযোগ নেই।

১৬। স্বাস্থ্য পরীক্ষাঃ

বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ড, ভর্তি কমিটি কর্তৃক ভর্তির জন্য বিবেচিত সকল প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করবেন। স্বাস্থ্য পরীক্ষায় যদি হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ত্রুটি অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন অথবা পেশাগত কার্যনির্বাহে প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটির নিকট প্রতিয়মান হয় তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে গণ্য করা হবে। তবে দৃষ্টি শক্তির ত্রুটি ৭ দিনের মধ্যে পুনঃ পরীক্ষা করা যেতে পারে। অন্যান্য সাময়িক অনুপযুক্ততা যথা- হাইড্রোসিল, হারনিয়া ইত্যাদি এক মাসের মধ্যে পুনঃ পরীক্ষার জন্য বিবেচিত হতে পারে।

ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তির দিনে প্রতিষ্ঠিত ডায়াগনষ্টিক সেন্টার থেকে **Blood Group, Chest X-ray** এর মেডিক্যাল টেস্ট করে রিপোর্ট নিয়ে আসতে হবে। প্রয়োজনবোধে চুয়েট মেডিক্যাল সেন্টারে অথবা ভর্তির নিমিত্তে গঠিত চিকিৎসা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী চাহিত ডায়াগনষ্টিক সেন্টার হতে প্রয়োজনীয় মেডিক্যাল টেস্ট রিপোর্ট দাখিল করতে হবে। টেস্টগুলোর রিপোর্ট অবশ্যই ভর্তির দিন মেডিক্যাল টেস্টের সময় মেডিক্যাল সেন্টারে জমা দিতে হবে। মেডিকেল টেস্টের দিন চশমা ব্যবহারকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই চশমা সঙ্গে রাখতে হবে। উপরে বর্ণিত টেস্টগুলোর অতিরিক্ত কোন Test এর দরকার হলে তা পরে করিয়ে ক্লাস শুরুর আগে জমা দিতে হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে স্বাস্থ্য

পরীক্ষার নির্ধারিত ফরম ডাউনলোড করে তা পূরণপূর্বক রিপোর্টসহ ভর্তির দিন জমা দিতে হবে।

১৭। আবাসিক হলের আসন ঃ

বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের ৪টি এবং ছাত্রীদের ১টি আবাসিক হল আছে। **লেভেল-১ এ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের জন্য হলে আসন প্রাপ্তির সুযোগ অতি সীমিত**। সেক্ষেত্রে যে সকল ছাত্র/ছাত্রী হলে আসন বরাদ্দ পাবে না তাদের নিজ দায়িত্বে থাকার ব্যবস্থা করতে হবে।

বিঃ দ্রঃ বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের ভর্তির ব্যাপারে প্রভাবিত করার প্রচেষ্টা প্রার্থীকে অযোগ্য প্রতিপন্ন করবে। ভর্তি কমিটি কোন প্রার্থীকে স্নাতক পড়ার অনুপযুক্ত মনে করলে তার ভর্তি বাতিল করতে পারবে। ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে ভর্তি কমিটির (শিক্ষাবর্ষ ঃ ২০১৭-১৮) সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। লেভেল-১ এ ভর্তি হওয়া কোন ছাত্র/ছাত্রী ক্লাশ শুরু হবার পর একাদিক্রমে ০৬ (ছয়) সপ্তাহ অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল হয়ে যাবে এবং প্রথম ০২ (দুই) সপ্তাহ ক্লাশে অনুপস্থিত থাকলে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের লেভেল-১ এ অধ্যয়নের সুযোগ থাকবে না। A level পাশকৃত প্রার্থীদের আবেদনপত্রের প্রাপ্তি স্বীকার রশিদ সংরক্ষণপূর্বক নিজের আবেদনপত্র নম্বর অবশ্যই মনে রাখতে হবে।

চুয়েট ক্যাম্পাস শহর এলাকার বাইরে অবস্থিত বিধায় GEP বা কুরিয়ার সার্ভিস এলাকার বাইরে আছে। ডাক বিভ্রাট বা অন্য যে কোন কারণে নির্ধারিত সময়ের পরে আবেদন পত্র (‘A’ লেভেল এবং বিদেশী ছাত্রদের) পৌঁছালে তা বাতিলযোগ্য।

সভাপতি

ভর্তি কমিটি, শিক্ষাবর্ষ ঃ ২০১৭-১৮
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৪৯।

১৮